## অধ্যায় ১
## আমাদের পরিবেশ ও সমাজ

### ❑ অধ্যায়টি পড়ে জানতে পারব

- প্রাকৃতিক ও সামাজিক পরিবেশের উপাদান সম্পর্কে
- পৃথিবীর বিভিন্ন অঞ্চলের পরিবেশের পার্থক্য
- বাংলাদেশের বিভিন্ন অঞ্চলের পরিবেশের পার্থক্য
- বিভিন্ন সমাজের উপর প্রাকৃতিক পরিবেশের প্রভাব
- প্রাকৃতিক পরিবেশ সংরক্ষণের কৌশল সম্পর্কে

### ❑ অধ্যায়টির মূলভাব জেনে নিই

প্রাকৃতিক ও সামাজিক পরিবেশ পরস্পর গভীরভাবে সম্পর্কযুক্ত। বিশেষ করে প্রাকৃতিক পরিবেশের প্রভাব সামাজিক পরিবেশের উপর নানাভাবে ক্রিয়াশীল। পৃথিবীর বিভিন্ন অঞ্চলের মতো বাংলাদেশের বিভিন্ন অঞ্চলেও প্রাকৃতিক পরিবেশের ভিন্নতা থাকার কারণে মানুষের জীবনাচরণের মধ্যে পার্থক্য দেখা যায়। সুন্দর ও সুস্থ প্রাকৃতিক পরিবেশ মানুষের জীবনধারণের জন্য প্রয়োজন। তাই প্রাকৃতিক পরিবেশ সংরক্ষণে আমরা সবাই যত্নবান হব।

## অনুশীলনীর প্রশ্ন ও উত্তর

### ❑ অল্প কথায় উত্তর দাও :

**১. প্রাকৃতিক পরিবেশের তিনটি উপাদানের নাম লেখ।**

**উত্তর :** প্রাকৃতিক পরিবেশের তিনটি উপাদান হলো মাটি, পানি, বাতাস।

**২. বাংলাদেশের কোন কোন অঞ্চলে বেশি বন্যা হয়?**

**উত্তর :** বাংলাদেশের দক্ষিণ অঞ্চলে বন্যার প্রবণতা বেশি।

**৩. সামাজিক পরিবেশের তিনটি উপাদানের নাম লেখ।**

**উত্তর :** সামাজিক পরিবেশের তিনটি উপাদান হলো বাড়ি, বিদ্যালয়, খেলার মাঠ।

**৪. বেশি বেশি গাছ লাগানো প্রয়োজন কেন?**

**উত্তর :** প্রকৃতির ভারসাম্য বজায় রাখার জন্য বেশি বেশি গাছ লাগানো প্রয়োজন।

### ❑ প্রশ্নগুলোর উত্তর দাও :

**১. বাংলাদেশের উত্তর ও দক্ষিণ অঞ্চলের ভূপ্রকৃতি কীভাবে আলাদা?**

**উত্তর :** বাংলাদেশের উত্তর ও দক্ষিণ অঞ্চলের ভূপ্রকৃতি যে আলাদা তা নিচের ছকের মাধ্যমে দেখানো হলো :

| উত্তর অঞ্চলের ভূপ্রকৃতি | দক্ষিণ অঞ্চলের ভূপ্রকৃতি |
|---|---|
| ভূমি উঁচু | ভূমি নিচু |
| নদ-নদীর সংখ্যা কম | নদ-নদীর সংখ্যা বেশি |
| গ্রীষ্মকালে অনেক গরম পড়ে, শীতকালে বেশ ঠান্ডা | বৃষ্টিবহুল আবহাওয়া |

**২. আমাদের সামাজিক পরিবেশে আর্দ্র জলবায়ুর প্রভাব কী?**

**উত্তর :** আর্দ্র জলবায়ুর কারণে প্রচুর বৃষ্টিপাত হয়, গাছ ও ফসল ভালো জন্মে, জলাশয় ও নদ-নদী পানিতে ভরে যায়, তখন প্রচুর মাছ পাওয়া যায় এবং ফসলের জমিতে সেচ দেওয়ার পর্যাপ্ত পানি পাওয়া যায়। ফলে আমাদের সামাজিক পরিবেশ আরও উন্নত হয়।

## অতিরিক্ত প্রশ্ন ও উত্তর

### ❑ বাম অংশের সাথে ডান অংশ মিলকরণ

| | |
|---|---|
| ক) পৃথিবীর বিভিন্ন অঞ্চলের প্রাকৃতিক পরিবেশের মধ্যে | কাঠ লাগে |
| খ) আমাদের দেশের উত্তরাঞ্চলে | প্রকৃতির উপর প্রভাব ফেলে |
| গ) গাছপালা বেশি থাকলে | নদনদী কম |
| ঘ) ঘরবাড়ি, আসবাবপত্র বানাতে | বৈচিত্র্য রয়েছে |
| ঙ) সামাজিক পরিবেশও | ফুল ব্যবহার করি |
| | প্রচুর বৃষ্টিপাত হয় |

**উত্তর :**

ক) পৃথিবীর বিভিন্ন অঞ্চলের প্রাকৃতিক পরিবেশের মধ্যে **বৈচিত্র্য রয়েছে।**

খ) আমাদের দেশের উত্তরাঞ্চলে **নদ-নদী কম।**

গ) গাছপালা বেশি থাকলে **প্রচুর বৃষ্টিপাত হয়।**

ঘ) ঘরবাড়ি, আসবাবপত্র বানাতে **কাঠ লাগে।**

ঙ) সামাজিক পরিবেশও **প্রকৃতির উপর প্রভাব ফেলে।**

### ❑ শুদ্ধ / অশুদ্ধ নির্ণয়

ক) সাগর, নদী, বিল প্রভৃতি সামাজিক পরিবেশের উপাদান।

খ) পৃথিবীর বিভিন্ন অঞ্চলের জলবায়ুর মধ্যে ভিন্নতা রয়েছে।

গ) উত্তরাঞ্চলে শীতকালে বেশ ঠান্ডা পড়ে।

ঘ) বৃষ্টির পানি ফসলে সেচ দেওয়ার কাজে লাগে।

ঙ) শুষ্ক এলাকায় গাছ ও ফসল বেশি জন্মে।

**উত্তর : ক)** 'অশুদ্ধ' **খ)** 'শুদ্ধ' **গ)** 'শুদ্ধ' **ঘ)** 'শুদ্ধ' **ঙ)** 'অশুদ্ধ'।

### ❑ শূন্যস্থান পূরণ

ক) পৃথিবীর বিভিন্ন অঞ্চলের প্রাকৃতিক পরিবেশের মধ্যে —— রয়েছে।

খ) আমাদের দেশের উত্তর অঞ্চলের ভূমি কিছুটা ——।

গ) গাছপালা বেশি থাকলে প্রচুর —— হয়।

ঘ) প্রচুর গাছপালা থাকলে —— ঠান্ডা থাকে।

ঙ) —— মাটির জন্য উপকারী।

**উত্তর : ক)** বৈচিত্র্য **খ)** উঁচু **গ)** বৃষ্টিপাত **ঘ)** আবহাওয়া ঙ) বৃষ্টি।

## বহুনির্বাচনি প্রশ্ন ও উত্তর

### প্রাকৃতিক পরিবেশের বৈচিত্র্য

➲ সাধারণ

**১. কোনটি প্রাকৃতিক পরিবেশের উপাদান?** ক

ক. পানি খ. ঘরবাড়ি
গ. খেলার মাঠ ঘ. বিদ্যালয়

**২. শীতকালে বাংলাদেশের কোন অঞ্চলে বেশ ঠান্ডা পড়ে?** খ

ক পূর্বাঞ্চলে খ উত্তরাঞ্চলে
গ পশ্চিমাঞ্চলে ঘ দক্ষিণাঞ্চলে

**৩. গ্রীষ্মকালে আমাদের দেশের উত্তর অঞ্চলে আবহাওয়া কারূপ থাকে?** খ

ক নাতিশীতোষ্ণ খ অনেক গরম
গ বেশ ঠান্ডা ঘ অল্প গরম

**৪. আমাদের দেশের কোন অঞ্চলে অনেক নদী রয়েছে?** গ

ক পূর্বাঞ্চলে খ উত্তরাঞ্চলে
গ দক্ষিণাঞ্চলে ঘ পশ্চিমাঞ্চলে

**৫. আমাদের দেশের দক্ষিণাঞ্চলের ভূমি কারূপ?** ঘ

ক বন্ধুর খ বেশ উঁচু
গ কিছুটা উঁচু ঘ বেশ নিচু

➲ **যোগ্যতাভিত্তিক**

**শিখনফল :** প্রাকৃতিক পরিবেশের বৈচিত্র্যতার কারণ জানতে পারব।

**৬. পৃথিবীর বিভিন্ন অঞ্চলের প্রাকৃতিক পরিবেশের মধ্যে পার্থক্য দেখা যায় কেন?** খ
ক বৃষ্টিপাতের কারণে  খ জলবায়ুর কারণে
গ নদ-নদীর কারণে  ঘ গাছপালার কারণে

**শিখনফল :** বাংলাদেশের বিভিন্ন অঞ্চলের প্রাকৃতিক পরিবেশের ধারণা পাব।

**৭. বৃষ্টিভেজা পরিবেশ দেখতে তোমাকে বাংলাদেশের যে অঞ্চলে যেতে হবে–** ঘ
ক পূর্বাঞ্চল  খ উত্তরাঞ্চল
গ পশ্চিমাঞ্চল  ঘ দবিণাঞ্চল

**শিখনফল :** দবিণাঞ্চলের বন্যার কারণ জানতে পারব।

**৮. দক্ষিণাঞ্চলে বন্যার প্রবণতা বেশি কেন?** ক
ক নদীর কারণে  খ গাছপালার কারণে
গ বৃষ্টির কারণে  ঘ পাহাড়ের কারণে

## সামাজিক পরিবেশের উপর প্রকৃতির প্রভাব

➲ **সাধারণ**

**৯. কোনটি সামাজিক পরিবেশের উপাদান?** ক
ক ঘর-বাড়ি  খ গাছপালা
গ নদী  ঘ বিল

**১০. আমাদের সমাজজীবন নানাভাবে কিসের উপর নির্ভরশীল?** ঘ
ক. গাছপালার  খ. বৃষ্টিপাতের
গ. নদীর  ঘ. প্রকৃতির

**১১. কৃষি ও পরিবহন ব্যবস্থা কোন পরিবেশের অংশ?** ঘ
ক. প্রাকৃতিক  খ. সামাজিক
গ. রাজনৈতিক  ঘ. অর্থনৈতিক

**১২. আমরা মোটা জামা-কাপড় পরি কখন?** গ
ক. বর্ষায়  খ. গ্রীষ্মে
গ. শীতে  ঘ. বসন্তে

**১৩. ঠান্ডা আবহাওয়া ও বৃষ্টিপাতের জন্য কোনটি প্রয়োজন?** খ
ক. অনেক নদ-নদী  খ. প্রচুর গাছপালা
গ. উঁচু পাহাড়  ঘ. প্রচুর খাল-বিল

➲ **যোগ্যতাভিত্তিক**

**শিখনফল :** সামাজিক পরিবেশের ভিন্নতার কারণ জানতে পারব।

**১৪. সামাজিক পরিবেশে ভিন্নতা দেখা যায় কেন?** ক
ক প্রাকৃতিক পরিবেশের পার্থক্যের কারণে
খ আবহাওয়ার পার্থক্যের কারণে
গ জলবায়ুর পার্থক্যের কারণে
ঘ প্রযুক্তিগত আবিষ্কারের কারণে

**শিখনফল :** বৃষ্টিপাতের কারণ জানতে পারব।

**১৫. কোনো এলাকায় প্রচুর বৃষ্টিপাত হওয়ার কারণ কী?** খ
ক গাছপালার স্বল্পতা  খ গাছপালার আধিক্য
গ মাটির গঠন  ঘ বাতাসের আধিক্য

**শিখনফল :** সমাজের উপর প্রকৃতির প্রভাব বুঝতে পারব।

**১৬. কোনটি ঘটলে সমাজজীবনে সবচেয়ে বেশি সমস্যার সৃষ্টি হবে?** ঘ
ক জমির ফসল কমে গেলে
খ বিলের মাছ কমে গেলে
গ মাটির ৰয় হলে
ঘ গাছপালা কমে গেলে

**১৭. মাটির উর্বরতা কমে যায় কেন?** ঘ
ক বৃষ্টির আধিক্যে  খ সারের অভাবে
গ আলোর আধিক্যে  ঘ পানির অভাবে

**শিখনফল :** সমাজজীবনে প্রাকৃতিক পরিবেশের প্রভাব বুঝতে পারব।

**১৮. তোমার এলাকার ফসল ভালো হওয়ার সবচেয়ে উপযোগী কারণ কোনটি?** গ
ক উন্নত রাস্তা-ঘাট  খ বৃষ্টি কম হওয়া
গ পর্যাপ্ত বৃষ্টিপাত  ঘ অধিক উষ্ণতা

**শিখনফল :** পরিবেশের ভারসাম্য রবায় যত্নবান হব।

**১৯. পরিবেশের ভারসাম্য রক্ষায় তুমি কী করবে?** গ
ক অকারণে গাছপালা কাটবে
খ পশুপাখি মারবে
গ বেশি করে গাছ লাগাবে

ⓖ জমিতে কীটনাশক ব্যবহার করবে

## সংক্ষিপ্ত প্রশ্ন ও উত্তর

**১. আমাদের দেশের দক্ষিণ অঞ্চলের ভূমি কীরূপ?**

**উত্তর :** আমাদের দেশের দক্ষিণ অঞ্চলের ভূমি বেশ নিচু।

**২. প্রয়োজনে গাছ কাটলে কী করতে হয়?**

**উত্তর :** প্রয়োজনে গাছ কাটলে বেশি করে গাছ লাগাতে হয়।

**৩. পৃথিবীর বিভিন্ন অঞ্চলের মানুষের সমাজজীবনের মধ্যে পার্থক্য দেখা যায় কেন?**

**উত্তর :** প্রাকৃতিক পরিবেশের পার্থক্যের কারণে পৃথিবীর বিভিন্ন অঞ্চলের মানুষের সমাজজীবনের মধ্যে পার্থক্য দেখা যায়।

**৪. বাংলাদেশের উত্তর অঞ্চলের ভূমি কীরূপ?**

**উত্তর :** বাংলাদেশের উত্তর অঞ্চলের ভূমি উঁচু।

**৫. উত্তর অঞ্চলে কখন অনেক গরম পড়ে?**

**উত্তর :** উত্তর অঞ্চলে গ্রীষ্মকালে অনেক গরম পড়ে।

**৬. বাংলাদেশের কোন অঞ্চলে অনেক নদীর সমাহার ঘটেছে?**

**উত্তর :** বাংলাদেশের দক্ষিণ অঞ্চলে অনেক নদীর সমাহার ঘটেছে।

**৭. বাংলাদেশের দক্ষিণ অঞ্চলে বন্যার প্রবণতা বেশি কেন?**

**উত্তর :** অনেক নদী থাকার কারণে বাংলাদেশের দক্ষিণ অঞ্চলে বন্যার প্রবণতা বেশি।

**৮. সামাজিক পরিবেশ কীভাবে গঠিত হয়?**

**উত্তর :** মানুষের সৃষ্ট উপাদান নিয়ে সামাজিক পরিবেশে গঠিত হয়।

**৯. কোন ধরনের এলাকায় গাছ ও ফসল কম জন্মে?**

**উত্তর :** শুষ্ক এলাকায় গাছ ও ফসল কম জন্মে।

**১০. জলাশয় ও নদ-নদী থাকার সুবিধা কী?**

**উত্তর :** জলাশয় ও নদ-নদী থাকলে মাছের চাষ এবং সহজেই সেচের কাজ করা যায়।

## কাঠামোবদ্ধ প্রশ্ন ও উত্তর

### ➲ সাধারণ

**১. বাংলাদেশের বিভিন্ন এলাকার প্রাকৃতিক পরিবেশের মধ্যকার পার্থক্য উল্লেখ কর।**

**উত্তর :** বাংলাদেশের বিভিন্ন এলাকার সামাজিক পরিবেশের মধ্যে পার্থক্য রয়েছে। যেমন– উত্তর অঞ্চলের ভূমি কিছুটা উঁচু। নদ-নদী কম। গ্রীষ্মকালে অনেক গরম ও শীতকালে বেশি ঠান্ডা পড়ে। কিন্তু দক্ষিণ অঞ্চলের ভূমি বেশ নিচু। এখানে অনেক নদ-নদী, খাল-বিল রয়েছে। নদীর কারণে এ অঞ্চলে বন্যার প্রবণতা বেশি।

**২. গাছপালা বেশি থাকলে আমরা কী কী সুফল পাই পাঁচটি বাক্যে লেখ।**

**উত্তর :** গাছপালা বেশি থাকলে আমরা অনেক সুফল পাই। যেমন–

র. গাছপালা বেশি হলে বেশি বৃষ্টিপাত হয়।

রর. বৃষ্টিপাতের ফলে ফসল ভালো হয়, আমরা প্রয়োজনীয় খাবার পাই।

ররর. গাছপালার কারণে প্রচুর বৃষ্টি হলে নদী, খালবিল পানিতে ভরে যায়, এসব জলাভূমি থেকে তখন আমরা প্রচুর মাছ পাই।

রা. জলাশয়ে প্রচুর পানি থাকার কারণে ফসলে সেচ দেওয়ার জন্য পানি পাই।

া. বিভিন্ন ধরনের গাছপালা থেকে ঘরবাড়ি, আসবাবপত্র তৈরির কাঠ পাই।

### ➲ যোগ্যতাভিত্তিক

**৩. তোমার এলাকায় দিন দিন মানুষ বৃদ্ধি পাচ্ছে। ঘর-বাড়ি তৈরির জন্য গাছপালা কেটে ফেলা হচ্ছে। গাছপালা কমে যাওয়ায় তোমার এলাকার প্রাকৃতিক পরিবেশের ৫টি ক্ষতি সম্পর্কে লেখ।**

**উত্তর :** আমার এলাকায় গাছপালা কমে যাওয়ায় প্রাকৃতিক পরিবেশের পাঁচটি ক্ষতি সম্পর্কে নিচে দেওয়া হলো :

র. বৃষ্টির পানির অভাবে জমিতে ফসল কম হবে।

রর. নদী, খাল, বিলে পানির অভাবে মাছ কমে যাবে।

ররর. মাটির উর্বরা শক্তি কমে যাবে। এতে ফসলের ক্ষতি হবে।

রা. প্রয়োজনীয় অক্সিজেনের অভাবে জীববৈচিত্র্য নষ্ট হবে।

া. নদী, খাল, বিল দিন দিন মাটিতে ভরাট হয়ে যাবে।

**৪. পরিবেশ উন্নত রাখতে আমরা কীভাবে ভূমিকা পালন করব পাঁচটি বাক্যে লেখ।**

**উত্তর :** পরিবেশ উন্নত রাখতে আমাদের অনেক কিছু করার রয়েছে। যেমন–

র. প্রকৃতির ক্ষতি হয় এমন কোনো কাজ করব না।

রর. অকারণে গাছপালা কাটব না, প্রয়োজনে কাটলে বেশি করে গাছ লাগাব।

ররর. পশুপাখি ও অন্যান্য প্রাণী মারব না।

রা. খালবিল, নদীনালা ভরাট করব না।

া. প্রাকৃতিক ও সামাজিক পরিবেশের ভারসাম্য বজায় রাখতে সচেতন হব।